

136

দৈনিক সংবাদ

তারিখ ... 0.6 MAR. 1998 ...

পৃষ্ঠা ... কলাম ...

নওগাঁ-বগুড়া

১৬টি থানার ৩শ' কলেজ অধ্যক্ষের বেতন বন্ধ ৫ মাস ধরে

নওগাঁ, ৫ই মার্চ (নিজস্ব সংবাদ-দাতা)। - নওগাঁ-বগুড়াসহ উত্তরাঞ্চলের ১৬টি জেলার প্রায় ৩শ' সরকারি ও বেসরকারি কলেজের অধ্যক্ষের গত ৫ মাস যাবৎ বেতন বন্ধ রাখা হয়েছে।

বহিরাগত ছাত্রছাত্রী ভর্তি করার জন্য সরকারি অধ্যক্ষদের সাময়িক বরখাস্ত, বেসরকারি অধ্যক্ষদের বেতন বন্ধ ও ৭ হাজার বহিরাগত ছাত্রছাত্রীর পরীক্ষার ফলাফল স্থগিত করা হয়। গত ১৭ই ফেব্রুয়ারি বিভাগীয় কলেজ শিক্ষক সমিতির সম্মেলনে এসব শিক্ষকের বরখাস্ত ও বেতন বন্ধ রাখার সিদ্ধান্তের প্রতি ক্ষোভ ও নিন্দা প্রকাশ করা হয়।

জানা গেছে, স্থানীয় প্রভাবশালী ও রাজনৈতিক প্রভাবের চাপে অধ্যক্ষরা এসব

ছাত্রছাত্রীদের ভর্তি করতে বাধ্য হয়। গত ১০ বছর যাবৎ এটা প্রায় নিয়মে পরিণত হয়েছে। এমনকি এতদিন যাবৎ রাজশাহী বোর্ড কর্তৃপক্ষও সহায়তা করে এসেছে। অথচ বোর্ড কর্তৃপক্ষ গত বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৭ হাজার ছাত্রছাত্রীর ফলাফল স্থগিত করে হঠাৎ করেই এসব শিক্ষকের বিরুদ্ধে সিদ্ধান্ত গ্রহণ করে।

ছাত্রছাত্রীরা রাজশাহী কোর্টে একটি মামলা দায়ের করে ডিফি পায়। এর পরিপ্রেক্ষিতে গত ৯ই অক্টোবর '৯৭ তাদের ফলাফলও ঘোষিত হয়। কিন্তু শিক্ষকদের ব্যাপারে কোন সিদ্ধান্ত গৃহীত হয়নি। এমতাবস্থায় এসব শিক্ষক পরিবার-পরিজন নিয়ে - মানবেতর - জীবনযাপন করছেন।